মাসিক অভিযোগ নিষ্পত্তির তালিকা : মে/২০২২

মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
	পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
০৯ মে, ২০২২					হুমকির মুখে সৈয়দপুর শহর রক্ষা বাঁধ:- নীলফামারীর সৈয়দপুরে খড়খড়িয়া নদীর শহর রক্ষা বাঁধটি হুমকির মুখে পড়েছে। বাঁধের ওপর দিয়ে বালুবাহী ট্রাক ও বাঁধের গোড়ার মাটি দুর্বৃত্তরা কেটে নেয়ায় এমন অবস্থার সৃষ্টি হয়েছে। আসন্ন বর্ষা মৌসুমে বন্যার পানির স্রোতে ওই বাঁধের কোথাও ভাঙন দেখা দিলে বিপর্যয় ঘটার আশঙ্কা করছে শহরবাসী। অতি প্রাচীন বাঁধটির ১৬ কিলোমিটার জুড়ে কমপক্ষে শতাধিক স্থানে ভাঙনের ঝুঁকি রয়েছে। স্থানীয়রা জানায়, উপজেলার বোতলাগাড়ী ইউনিয়নের চান্দিয়ার ব্রিজ থেকে শুরু করে সৈয়দপুর পৌর এলাকার ১০নং ওয়ার্ডের পশ্চিম পাটোয়ারীপাড়া হয়ে পার্বতীপুরের বেলাইচন্ডী ইউনিয়নের শেষ সীমানা পর্যন্ত শহর রক্ষা বাঁধ। প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ এই বাঁধের কারণে সৈয়দপুর শহরের সরকারি ও বেসরকারি স্থাপনাগুলো বর্ষা মৌসুমে বন্যার পানি থেকে রক্ষা পায়। কিন্তু বাঁধ ভেঙে গেলে ওইসব স্থাপনা পুরোপুরি হুমকির মুখে পড়ার আশংকা রয়েছে। বিশেষ করে সৈয়দপুর বিমানবন্দর, সেনানিবাস, সৈয়দপুর রেলওয়ে কারখানা, ১৫০ মেগাওয়াট গ্যাস টারবাইন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, বাংলাদেশ আর্মি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সৈয়দপুর সরকারি কলেজ, বিসিক শিল্পনগরী, সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজ, সৈয়দপুর ক্যান্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, হাসপাতালসহ ছোট-মাঝারি শিল্প কারখানা ভয়াবহ প্লাবন জোনে অবস্থান করছে। বাঁধ ভেঙে বন্যার পানি ঢুকলে ওই স্থাপনাগুলো কমপক্ষে তিন থেকে পাঁচফুট পানিতে তলিয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে শহরের স্থাপনাগুলো। ভৌগলিকগত অবস্থানের কারণে নদীর প্লাবন স্তর থেকে সৈয়দপুর শহরের ওই স্থাপনাগুলো স্থান ভেদে তিন থেকে ছয় ফুট নিচে অবস্থান। এ বিষয়ে সৈয়দপুর পানি উন্নয়ন বোর্ড-এর উপ-বিভাগীয় প্রকৌশলী আবু সৈয়দ আমিনুর রশিদ জানান, প্রতিবছর বর্ষাকালে বন্যার পানি বিপদসীমা অতিক্রম করার আগেই জরুরি ভিত্তিতে জিও ব্যাগ দিয়ে পানি আটকিয়ে সরকারি বেসরকারি স্থাপনা রক্ষা করা হয়। উজানের পাহাড়ি ঢলের ফলে প্রতি বছর ৩/৪বার বিপদসীমা অতিক্রম করে বন্যার পানি। তিনি মনে করেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডেল্টা প্লান বাস্তবায়নার্থে পাকা ব্লক দিয়ে বাঁধটি নির্মাণ করা হলে অন্তত পক্ষে ১০০ বছরে বাঁধের কোন ক্ষতি হবে না। সৈয়দপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মেহেদী						অভিযোগ-টির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৈয়দপুর শহর রক্ষা বাঁধ নির্মাণ ও মেরামতের বিষয়টি সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাভূক্ত নয়, এই বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						হাসান বলেন, ওই বাঁধটি টেকসই করার জন্য আমরা ডিপিপির প্রক্রিয়া হাতে নিয়েছি। তাই নীলফামারী সৈয়দপুর খড়খড়িয়া নদীর শহর রক্ষা বাঁধটি কংক্রিটের ঢালাই সহকারে দুপাশে ঢালাই করে দিলে ১০০ বছরে ও বাঁধ ভাঙবে না। এবং এভাবে দ্রুত করার জন্য মাননীয় সেক্রেটারি মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃষ্টি কামনা করছি। (আই ডি নং- ১১৩৮৪)						
২	০৯ মে, ২০২২					ব্রিজ নির্মাণে ধীরগতি ভোগান্তিতে লাখো মানুষ:- গাজীপুরের শ্রীপুর উপজেলার বরমী বাজারের নলজোরা খালের ওপর কেন্দুয়া ব্রিজের নির্মাণ কাজ চলছে ধীর গতিতে। পুরনো ব্রিজ ভেঙে শুরু হয়েছে নতুন ব্রিজ নির্মাণ। পাশের বাইপাস না থাকায় যানবাহন বাহন চলতে পারেনা। পায়ে হেঁটে চলাই এখন কষ্ট সাধ্য। নড়বরেভাবে তৈরি করা হয়েছে কাঠের সেতু। নির্মাণাধীন ব্রিজের পাশে বাইপাস না থাকায় ভোগান্তিতে পড়েছে লাখো মানুষ। সরেজমিনে দেখা যায়, জেলার নদীবন্দর খ্যাত বরমী বাজারের প্রধান সংযোগ সড়কে নলজোর খালের ওপর কেন্দুয়া ব্রিজের অবস্থান। এ ব্রিজ দিয়ে প্রতিদিন শতশত ট্রাক, পিকআপ, অটোরিকশা, সিএনজিসহ পন্য ও যাত্রীবাহী যানবাহন চলাচল করে। বরমী বাজার খেয়া ঘাটদিয়ে পার্শবর্তী ময়মনসিংহ জেলার গফরগাঁও, পাগলা থানা এবং কাপাসিয়া উপজেলার উত্তর অংশের লাখো মানুষ যাতায়ত করেন। এছাড়া উপজেলার বিভিন্ন অঞ্চলের মানুষ সাপ্তাহিক হাট বুধবারে বাজার করা ছাড়াও প্রতিনিয়ত ব্যবসায়ীক প্রয়োজনে বরমী আসা যাওয়া করে। ইদুল ফিতরকে সামনে রেখে চলাচল বেড়ে গেছে বহুগুন। আসন্ন ঈদে ঘর মুখো মানুষ পড়বে চরম বিরম্বনায়। বহু বছরের পুরনো জড়াজীর্ণ কেন্দুয়া ব্রিজটির নির্মাণ কাজ শুরু হলে এলাকাবাসীর মধ্যে স্বস্তি দেখা যায়। এখন কাজের ধীর গতি আর যথাযথ বাইপাস না থাকায় জনঅস্বস্তির কারণ হয়ে দাড়িয়েছে। জনগনের ভোগান্তি দেখে ইউনিয়ন পরিষদের উদ্যোগে শীতলক্ষ্যার পার কেটে একটি বাইপাস নির্মাণ করা হয়েছে। যা দিয়ে সাধারণ মানুষ পায়ে হেঁটে চলাচল করলেও যানবাহন চলার কোন উপায় নেই। ভুল করে কেও যানবাহন নিয়ে এ পথে চলে এলে তাকে ১০কি.মি পথ ঘুড়ে বাজারে প্রবেশ করতে হয়। বরমী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. তোফাজ্জল হোসেন বলেন, ব্রিজ নির্মাণের জন্য সাময়ীক ভোগান্তিতে পরে জনগন। মানুষের যাতায়াতের কথা চিন্তা করে পরিষদের অর্থায়নে নদীর পার কেটে একটি বাইপাস						অভিযোগ-টির প্রেক্ষিতে জানানো যাচ্ছে অভিযোগে বর্নিত নির্মাণাধীন সেতুটি স ও জনপথ অধিদপ্তরের আওতাভূক্ত নয়, বিষয়ে স্থানীয় সরকার প্রকৌ অধিদপ্তরের সাথে যোগাযোগ করা যে পারে।

	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						সড়ক করে দেয়া হয়েছে। নদীর পানি বাড়তে শুরু করেছে। বর্ষায় সড়কটি তলিয়ে গেলে জনভোগান্তি আরো বাড়বে। ঠিকাধারী প্রতিষ্ঠান মেসার্স মোশফিকুর রহমান কাঞ্চন এন্টারপ্রাইজের সত্বাধীকারী মোশফিকুর রহমান কাঞ্চন বলেন, বাইপাস সড়কের বিষয়ে আমি কিছু বলতে পারব না। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী ভাল বলতে পারবেন। উপজেলা প্রকৌশলী এ. জেড. এম রকিবুল আহসান জানান, গত ২৭ অক্টোবর'২১ তারিখে কার্যাদেশ পেয়ে ব্রিজের কাজ শুরু করেন মেসার্স মোশফিকুর রহমান কাঞ্চন এন্টারপ্রাইজ। ২৭মিটার দীর্ঘ ব্রিজের নির্মাণ ব্যয় ধরা হয়েছে ২ কোটি ৩৬ লাখ টাকা। আগামী ডিসেম্বর মাসে নির্মাণ কাজ শেষ হবে। ব্রিজের পাশে বাইপাস নির্মাণের মতো জায়গা না থাকায় সিডিউলে বাঁশের সাঁকো ধরা হয়েছে। রাস্তায় বিদ্যুতের খুঁটি আর জায়গার সমস্যা থাকার কারণে কাজ কিছু বিলম্বিত হয়েছে। নির্ধারিত সময়ে নির্মাণ কাজ শেষ হবে বলে জানান ওই প্রকৌশলী। তাই এ ব্যাপারে সরকার সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করছি যেন কাজটি খুব দ্রুত গতিতে কমপিলিট করা হয়। গাজীপুরের শ্রীপুর উপজেলার বরমী বাজারে নলজোলা খালের কেন্দুয়া ব্রিজের কাজ দ্রুত গতিতে কমপিলিট করে জনগণ ও ছাত্র ছাত্রীদের দীর্ঘ দিনের ভোগান্তি দূরিভূত করার জন্য মাননীয় সেক্রেটারিসহ সেতু মন্ত্রণালয়ের সুদৃষ্টি সহ মাননীয় প্রধানমন্ত্রী র দ্রুত সহযোগিতা কামনা করছি এবং কন্ট্রাক্টর এবং ইঞ্জিনিয়ার কে সহ সংশ্লিষ্ট সকলকেই দ্রুত বাজেট টাকা পরিশোধ করে জোরালো তাগিদ দিয়ে কাজটি কমপিলিট করার জন্য বিশেষ আহ্বান জানাচ্ছি। (আই ডি নং- ১১৩৮৫)।						
	০৯ মে, ২০২২					আসসালামু আলাইকুম । আমরা অনেক বার মেইল দিয়েছি এ রোডটি র ঢালাই যেন দ্রুত গতিতে করার জন্য। রোড টির অবস্থা ছবি থেকে বুঝা যাচ্ছে। চট্টগ্রামস্থ সিটির বহদ্দার হাটস্থ হয়ে খতিবের হাট হয়ে অধিকাংশ কাজ পিচ ঢালাই করা হচ্ছে, যেগুলো করা হয়নি তা দ্রুত গতিতে কমপিলিট করার জন্য বিশেষ আহ্বান। নিম্নে চট্টগ্রামস্থ বহদ্দার হাটস্থ চাদগাও ৩ নং ওয়ারডস্থ হাজিরপুলস্থ এরিয়া হতে তোলা। এটি চট্টগ্রাম ইন্টারন্যাশনাল হসপিটাল এর নিকটতম এরিয়া তে । রোডটির দু দিকের কাছ অধিকাংশ হয়েছে। কিন্তু আধা কিলোমিটার পর্যন্ত বর্ষার বৃষ্টি হতেই পানি ওঠে যানবাহন চলাচল অনুপযোগী হয়ে যাই , এমনকি হেঁটে						অভিযোগ-টির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভিযোগে বর্নিত সড়কটি সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাভূক্ত নয়, এই বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						যাওয়া ও কষ্ট সাধ্য। তাই দ্রুত গতিতে এ বড় গর্ত টি ভরাট করে যতটুকু পর্যন্ত কাজ বাকি সব পুরা অংশ পিচ ঢালাই সহকারে করার জন্য মাননীয় মন্ত্রী দলীয় সেক্রেটারি মহোদয়, মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃষ্টি কামনা করছি। হাজিরপুল রহমানিয়া আদর্শ মাদ্রাসা হতে চট্টগ্রামস্থ ইন্টারন্যাশনাল হসপিটাল পর্যন্ত রোডের গর্ত ভরাট সহ আগামী জুন মাসের ভেতর পিচ ঢালাই রিপিয়ার সহ করে জনগণ ও স্কুল –মাদ্রাসা -কলেজ- বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া ছাত্র ছাত্রীদের দীর্ঘ দিনের ভোগান্তির অবসান ঘটানোর জন্য বিশেষ আহ্বান জানাচ্ছি তাই আমাদের আবেদন গ্রহণ করে দ্রুত গতিতে কাজটির বাকি কাজ গুলো খুব ভালো ভাবে রিপিয়ার করে পিচ ঢালাই সহকারে দ্রুত গতিতে কমপিলিট করার আহ্বান জানাচ্ছি । (আই ডি নং- ১১৩৯২)						
৪	২২ মে, ২০২২					বিষয়ঃ কবিরহাট সেনবাগ সোনাইমুড়ি (কলিমুদ্দিন পুল থেকে আইচেরটেক) সড়ক ও জনপদ নির্মাণ কাজে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে। জনাব, বিনীত নিবেদন এই যে, আমরা নোয়াখালী জেলার অধীনে কবিরহাট উপজেলার ৭ নং বাটইয়া ইউনিয়নের বাসিন্দা। বর্তমান সরকারের বৃহদাকার উন্নয়ন পরিকল্পনা হিসেবে অত্র ইউনিয়নের মধ্যে দিয়ে চলমান কবিরহাট সোনাইমুড়ি (কলিমুদ্দিন পোল থেকে আইচেরটেক) রাস্তাটি সড়ক ও জনপদ বিভাগের অধীনে নেওয়া হয়। যা আমাদেরকে যোগাযোগ ক্ষেত্রে উন্নয়নের শিখর স্বপ্ন দেখায়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, রাস্তাটি নির্মাণের জন্য ভূমি অধিগ্রহন, ভুমি জরিপ কাজ, জমি ক্ষতিগ্রস্থদের পূর্নবাসন, সর্বোপরি ভূমির মালিকদের ভূমির মূল্য পরিশোধ না করে ঠিকাদার প্রতিষ্ঠান রাস্তা নির্মান কাজ শুরু করেন। এতে শত শত পরিবার ভিটা মাটি হারিয়ে ক্ষতিগ্রস্থ হওয়ার আশঙ্কা থাকে। এমতবস্থায় মহোদয়ের নিকট বিনীত আবেদন এই যে, উক্ত রাস্তাটি নির্মাণ কাজ স্থগিত করে ক্ষতিগ্রস্থ ভূমি মালিকদের ভূমি মূল্য পরিশোধের ব্যবাস্থা করতে আপনার যেন মর্জি হয়। (আই ডি নং- ১১৪০২, নোয়াখালী সড়ক বিভাগ)						অভিযোগ-টির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে উল্লেখিত সড়কাংশ নোয়াখালী সড়ক বিভাগাধীন ক্ষতিগ্রস্থ কবিরহাট ছমিরমুন্সীরহাট-সোনাইমুড়ী সড়ক (জেড ১৪১০) এবং সেনবাগ-বেগমগঞ্জ গ্যাসফিল্ড সোনাইমুড়ী সড়ক (জেড-১৪৪৬) উন্নয় শীর্ষক প্রকল্পের এলাইনমেন্টে অবস্থিত বর্ণিত প্রকল্পের আওতায় কবিরহাট ছমিরমুন্সীরহাট-সোনাইমুড়ী সড়কে চেইনেজ-০+০০০ হতে ৪+৭০০ পর্য সড়কাংশের কাজ সম্পাদনের জন্য সম্প্র কার্যাদেশ প্রদান করা হয়েছে। বর্ণি প্রকল্পের ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমা ভূমি অধিগ্রহণ কার্যক্রম সমাপ্তির পর জে প্রশাসক, নোয়াখালীর কার্যালয় হতে ভূমি ক্ষতিগ্রস্ত মালিকদেরকে ভূমি ও স্থাপন মূল্য পরিশোধ করা হবে। উল্লেখ্য সড়কের যে সকল অংশে ভূমি অধি প্রয়োজন সে সকল অংশ বাদ দিয়ে কাজ সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদ প্রতিষ্ঠানকে নোয়াখালী সড়ক বিভাগের থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
৫	২২ মে, ২০২২					BRT কাজের ধীরগতির কারণে এয়ারপোর্ট মোড় এবং জসিম উদ্দিন মোড়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হচ্ছে। কবে নাগাদ আমরা এই দূর্ভোগ থেকে রেহাই পাবো? (আই ডি নং- ১১৪০৪, বি আর টি প্রজেক্ট)						অভিযোগ-টির প্রেক্ষিতে জানানো যাচ্ছে গ্রেটার ঢাকা সাসটেইনেবল আর ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপ এয়ারপোর্ট) এর বাস্তবায়নকারী ইউ

	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
												সওজ অংশ কর্তৃক ১৬.০০ কি:মি: সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ (২টি ডেডিকেটেড বিআরটি লেনসহ), ৭টি ফ্লাইওভার, ১৯টি বিআরটি ষ্টেশন, ২টি টার্মিনাল, ২৪ কি:মি: উচ্চ ধারণক্ষমতা বিশিষ্ট ড্রেন, ১৬টি ফুটওভার ব্রিজ নির্মাণ কাজ বাস্তবায়নাধীন রয়েছে। বর্তমানে এয়ারপোর্ট সংলগ্ন এলাকায় MSE Wall নির্মাণ কাজ চলমান আছে। কাজ চলাকালীন সময়ে যান চলাচল স্বাভাবিক রাখার স্বার্থে ট্রাফিক পুলিশের সমন্বয়ে প্রয়োজন অনুযায়ী অস্থায়ী ব্যবস্থা নেওয়া হয়েছে। তা সত্ত্বেও যানবাহন চলাচলে কিছুটা বিঘ্ন ঘটায় কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে। নির্মাণ কাজ শেষ হলে এ পরিস্থিতির উন্নতি ঘটবে আশা করা যায়।
	মোট=	-	-	৫	৫	-	৫	-				

(মুনমুন বিশ্বাস)
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ
তদন্ত বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ আমানউল্লাহ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ রেজাউল করিম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(এ, কে, এম, মনির হোসেন পাঠান)
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন

সংস্থার নামঃ সড়ক ও জনপথ অধিদপ্তর
মাসের নামঃ মে, ২০২২

বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা			পূর্ববর্তী মাসের জের	মোট অভিযোগ (১+২+৩+৪)	অন্য দপ্তরে প্রেরিত	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ	চলমান অভিযোগ		অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত X ১০০/ (মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ))
ওয়েব সাইটের মাধ্যমে	প্রচলিত পদ্ধতিতে	স্বপ্রণোদিতভাবে গৃহীত					নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৩৬	০	০	৪	৪০	১৫	১৪	৯	২	৭২.৫০%

- নিষ্পত্তিযোগ্য অভিযোগ = মোট অভিযোগ (কলাম ৫) – [নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি এমন চলমান অভিযোগ (কলাম ৮) + অন্য দপ্তরে প্রেরিত (কলাম ৬)]

(মুনমুন বিশ্বাস)
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ
তদন্ত বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ আমানউল্লাহ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ রেজাউল করিম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(এ, কে, এম, মনির হোসেন পাঠান)
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ভবন, তেজগাঁও
ঢাকা-১২০৮।
☎ ০২-৮৮৭৯২৯৯
Website: rhd.portal.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.৩৬৮.১৬.০০১.২২-২০৯ তারিখঃ ১৫/০৫/২০২২খ্রি:

বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তর এর অভিযোগ প্রতিকার সংক্রান্ত মে/ ২০২২ মাসের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সম্মান সহকারে জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তর এর অভিযোগ প্রতিকার সংক্রান্ত মে/২০২২ মাসের প্রতিবেদন সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ মে/ ২০২২ মাসের প্রতিবেদন ১ (এক) প্রস্থে।

১৫/০৫/২০২২

(এ,কে,এম, মনির হোসেন পাঠান)
পরিচিতি নং-০০০২৮৮
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ
১। যুগ্ম সচিব (আইন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জিআরএস, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।